

রেড চিটাগাংক্যাটেল উন্নয়ন ও সংরক্ষণ প্রকল্প (২য় পর্যায়)

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

সাভার, ঢাকা -১৩৪১

স্মারক নং- ৩৩.০৫.২৬৭২.১০৭.০১.০০১.১৮-৩৮

তারিখঃ ০৮/০৪/২০১৮ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই), সাভার, ঢাকা কর্তৃক বাস্তবায়নাধীন “রেড চিটাগাং ক্যাটেল উন্নয়ন ও সংরক্ষণ প্রকল্প (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের নিম্নে বর্ণিত শূন্য পদসমূহ প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সাকুল্য বেতনে লোক নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন গ্রেড	পদের সংখ্যা	সর্বোচ্চ বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	বৈজ্ঞানিক কর্মকর্তা (জেনেটিকস এন্ড ব্রীডিং/ ডেয়ারী/ পশুপুষ্টি/ পশুবিজ্ঞান) গ্রেড-৯ (বেতনঃ-৩৩,৪০০.০০)	১০ (দশ)টি	৩০ বছর	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পশুপালনে স্নাতক পাশ (পশু প্রজনন ও কৌলিবিজ্ঞান বিষয়ে মাস্টার্স প্রার্থীদের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে) খ) প্রার্থীকে সকল স্তরের একাডেমিক পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/ শ্রেণী/ সমমান গ্রেড প্রাপ্ত হতে হবে।
০২।	ভেটেরিনারী সার্জন গ্রেড-৯ (বেতনঃ-৩৩,৪০০.০০)	০১ (এক)টি	৩০ বছর	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ডিভিএম(ডক্টর অব ভেটেরিনারী মেডিসিন) পাশ খ) প্রার্থীকে সকল স্তরের একাডেমিক পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/ শ্রেণী/ সমমান গ্রেড প্রাপ্ত হতে হবে।
০৩।	কমিউনিটি গবেষণা সহকারী গ্রেড-১৪ (বেতনঃ-১৭,৩০০.০০)	১০ (দশ)টি	৩০ বছর	ক) স্নাতক (বিজ্ঞান) এবং সাথে ২ বছরের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা (সংশ্লিষ্ট ক্ষেত্রে ডিপ্লোমা কিংবা যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণ গ্রহনকারীদের অগ্রাধিকার দেয়া হবে) খ) সকল একাডেমিক পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৩.০ প্রাপ্ত হতে হবে।
৪।	হিসাব রক্ষক গ্রেড-১৪ (বেতনঃ-১৭,৩০০.০০)	০১ (এক)টি	৩০ বছর	ক) ২য় শ্রেণীর বি.কম অথবা সমতুল্য ডিগ্রী প্রাপ্ত হতে হবে। (সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে) খ) কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে।
৫।	ল্যাবরেটরী টেকনিশিয়ান গ্রেড-১৪ (বেতনঃ-১৭,৩০০.০০)	০১ (এক)টি	৩০ বছর	ন্যূনতম এইচ,এস,সি তে জিপিএ ৩.০ প্রাপ্ত হতে হবে। (সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে)
৬।	এ আই টেকনিশিয়ান গ্রেড-১৪ (বেতনঃ-১৭,৩০০.০০)	০১ (এক)টি	৩০ বছর	ন্যূনতম এইচ,এস,সি তে জিপিএ ৩.০ প্রাপ্ত হতে হবে। (সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে)
৭।	সিমেন্ট কালেক্টর গ্রেড-১৬ (বেতনঃ-১৬,১১৫.০০)	০১ (এক)টি	৩০ বছর	ন্যূনতম জে. এস.সি পাশ (সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে)

শর্তাবলীঃ

১। আবেদনকারীকে সরকার নির্ধারিত সরকারি দপ্তরে শূন্যপদে নিয়োগের জন্য চাকরির আবেদনের মডেল ফরম **A4** সাইজের কাগজে পূরণ পূর্বক স্বাক্ষরসহ আগামী ৩০-০৪-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রকল্প পরিচালক, “রেড চিটাগাং ক্যাটেল উন্নয়ন ও সংরক্ষণ প্রকল্প (২য় পর্যায়)” বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা বরাবরে পৌছাতে হবে। উক্ত সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদনপত্রের নমুনা বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের ওয়েব সাইট www.blri.gov.bd এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mopa.gov.bd তে পাওয়া যাবে।

২। প্রার্থীর বয়সসীমা ৩০-০৪-২০১৮ খ্রিঃ তারিখে ৩০ বছর বয়সসীমার মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা কোটায় বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এসএসসি/সমমানের সনদপত্রের মূল কপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। প্রার্থীদের বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। আবেদনপত্রের সাথে আবেদনকারির ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা ছবি সংযুক্ত করতে হবে।

৪। মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার সনদের মূল কপি, জাতীয় পরিচয় পত্র, চারিত্রিক সনদ পত্র, স্ব-স্ব এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর হতে নাগরিকত্বের সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে।

৪। সরকারী/আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫। উক্ত পদসমূহে প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত নিয়ম অনুসরণ করা হবে। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হিসাবে আবেদনকৃত প্রার্থীকে আবেদনপত্রের সহিত শহীদ মুক্তিযোদ্ধার পিতা/ মাতার মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত বা প্রতিস্বাক্ষরিত কপির মূল কপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৬। মুক্তিযোদ্ধা কোটাসহ অন্যান্য সকল কোটা সরকারী বিধি মোতাবেক অনুসরণ করা হবে।

৭। অসম্পূর্ণ / ক্রটিপূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। বিজ্ঞপ্তিতে বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা নেই এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। নির্বাচিত প্রার্থীকে বাংলাদেশের যে কোন স্থানে চাকুরী করতে ইচ্ছুক থাকতে হবে। খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।

৯। উপরোল্লিখিত পদের সংখ্যা হ্রাস বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০। কর্তৃপক্ষ যেকোন সময় কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয় বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(ড. এস এম জাহাঙ্গীর হোসেন)
প্রকল্প পরিচালক